দৈনিক ইত্তেফাক

12

তারিখ 07 MAR 1997
পৃষ্ঠা ২৮ কলাম ৮

# সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদে নিয়োগ সম্পর্কে জ্ঞাতব্য

সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের সহকারী শিক্ষক পদে শিক্ষক নিয়োগের জন্য দরখাস্ত গ্রহণের কাজ ইতিমধ্যে শেষ হইয়াছে। সহকারী শিক্ষক পদে নিয়োগ, পরীক্ষার উত্তরপত্র, ফলাফল প্রক্রিয়াকরণ এবং প্রার্থী নির্বাচন কম্পিউটারের মাধ্যমে সম্পূর্ণ যান্ত্রিক ও আধুনিক পদ্ধতিতে সম্পন্ন করা হইবে। এমতাবস্থায়, এই পদ্ধতিতে নিয়োগ প্রক্রিয়ায় কোন ব্যক্তি বিশেষ বা মহলের পক্ষে কোন প্রকার প্রভাব বিস্তারের সুযোগ বা অবকাশ নেই। এ নিয়োগকে কেন্দ্র করিয়া বিভিন্ন ব্যক্তি বা মহল আর্থিক সুবিধা আদায়ের উদ্দেশ্যে জনসাধারণকে প্রতারণা, হয়রানি করিতে পারে। তাই সংশ্লিষ্ট সকলকে এরূপ প্রতারকদের সম্পর্কে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হইয়াছে। —তথ্য বিবরণী